

নোবিপ্রবি/জনসংযোগ/প্রেস রিলিজ/২০২৪/১৭৯৪

২৯ ফেব্রুয়ারি ২০২৪

সংবাদ বিজ্ঞপ্তি

**নোবিপ্রবিতে মাইক্রোসফট সার্টিফায়েড সিস্টেম  
ইঞ্জিনিয়ার প্রশিক্ষার্থীদের সনদ প্রদান**

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য মাইক্রোসফটের উদ্যোগে নোবিপ্রবি ও স্পৃহা বাংলাদেশ এর যৌথ আয়োজনে পরিচালিত 'নার্সারিং কমিউনিটি' শীর্ষক প্রকল্পের অধীনে মাইক্রোসফট সার্টিফায়েড সিস্টেম ইঞ্জিনিয়ার প্রশিক্ষণ সম্পন্নকারীদের সনদ প্রদান করা হয়েছে। আজ বৃহস্পতিবার (২৯ ফেব্রুয়ারি ২০২৪) বেলা ১২টায় নোবিপ্রবি একাডেমিক ভবন-২ এর সেমিনার কক্ষে উক্ত প্রশিক্ষণে সফলভাবে উত্তীর্ণ গ্র্যাজুয়েটদের সনদপত্র প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোবিপ্রবি মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী, ট্রেজারার অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর ও রেজিস্ট্রার জনাব মোহাম্মদ জসীম উদ্দিন এবং মাইক্রোসফটের পার্টনার স্পৃহা বাংলাদেশ ফাউন্ডেশনের সিনিয়র পরিচালক অজয় কুমার বসু। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন নোবিপ্রবি সাইবার সেন্টারের পরিচালক (ভারপ্রাপ্ত) জনাব এ আর এম মাহমুদুল হাসান রানা ও সঞ্চালনা করেন সাইবার সেন্টারের সহকারী পরিচালক জনাব মোঃ ইফতেখারুল আলম ইফাত। এছাড়াও উপস্থিত ছিলেন সংশ্লিষ্ট বিভাগের চেয়ারম্যানবৃন্দ, স্পৃহা বাংলাদেশ এর প্রতিনিধিগণ, গ্র্যাজুয়েট শিক্ষার্থীবৃন্দ, সাইবার সেন্টার ও ইন্টারন্যাশনাল কোলাবোরেশান সেন্টারের সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ।

প্রধান অতিথির বক্তব্যে নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম বলেন, 'ধন্যবাদ জানাচ্ছি স্পৃহা বাংলাদেশকে, তাদের তত্ত্বাবধানে নোবিপ্রবির ১৭ জন শিক্ষার্থী প্রশিক্ষণ নিয়েছে। আমাদের ছাত্র-ছাত্রীরা প্রশিক্ষণ নিয়েছে এবং সনদ অর্জন করেছে এটা আমাদের জন্য অত্যন্ত আনন্দের। প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্যে তিনি বলেন, শুধু প্রশিক্ষণ গ্রহণ করলেই চলবেনা। এই জ্ঞানের চর্চা অব্যাহত রাখতে হবে এবং বাস্তব জীবনে কাজে লাগাতে হবে। আমি আশা করবো এ ধরনের প্রশিক্ষণ আগামীতেও চলমান থাকবে। সকলকে ধন্যবাদ। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।'

প্রশিক্ষণে নোবিপ্রবির পক্ষে সাইবার সেন্টারের পরিচালক ও সিএসটিই বিভাগের সহকারী অধ্যাপক জনাব মাহমুদুল হাসান রানা, নোবিপ্রবি সাইবার সেন্টারের সহকারী পরিচালক ও আইআইটি বিভাগের সহকারী অধ্যাপক জনাব মোঃ ইফতেখারুল আলম ইফাত ভলান্টিয়ার প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করেন এবং ইন্টারন্যাশনাল কো-অপারেশান ও কোলাবোরেশান অফিস-(ICCC) উক্ত কার্যক্রমের সমন্বয়কের দায়িত্ব পালন করে। নোবিপ্রবি বিএমএস বিভাগের ০১জন, সমাজবিজ্ঞান বিভাগের ০৩জন, ইংরেজী বিভাগের ০৩জন, সমুদ্রবিজ্ঞান বিভাগের ০৪জন, এফটিএনএস বিভাগের ০৩জন এবং পরিবেশ বিজ্ঞান বিভাগের ০২ জন শিক্ষার্থী উক্ত প্রশিক্ষণ গ্রহণের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত হয়েছিলেন।

উল্লেখ্য, গত ১১ এপ্রিল ২০২৩ নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পক্ষে ট্রেজারার অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর এবং মাইক্রোসফট এর পার্টনার স্পৃহা বাংলাদেশ ফাউন্ডেশনের সিনিয়র পরিচালক অজয় কুমার বোস প্রশিক্ষণ প্রদানের চুক্তিতে স্বাক্ষর করেন।

*R. Kader*

রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।